

ঢাকা ওয়াসা

সংযুক্তিঃ ০১। ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

সংযুক্তিঃ ০২। ২০২৫-২৬ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্তিঃ ০৩। বর্তমান বাজার দর।

সংযুক্তিঃ ০৪। প্রস্তাবিত প্রাক্কলন।

বিষয়ঃ Procurement of Spare items for the 5 MVA Transformer OLTC under SKWP কাজটির অনুমোদন প্রসঙ্গে।


১। সাভার করোনীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৬ টি গভীর নলকূপ (তন্মধ্যে ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৪ (চৌদ্দ) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়।

০২। পাম্প কম্পাউন্ডসমূহে বিদ্যুৎ সরবরাহসহ প্লান্টের সামগ্রিক বৈদ্যুতিক সরবরাহ ব্যবস্থার জন্য IRP#1 ও IRP#2 এ ৩৩/১১ কেভি ৫ এমভিএ ক্ষমতা সম্পন্ন ২ (দুই) টি মেইন সাব-স্টেশন আছে। IRP#1 এর প্লান্ট কম্পাউন্ডে বিদ্যুৎ সরবরাহের জন্য ১টি ১১/০.৪৪ কেভি ১.২৫ এমভিএ সাব-স্টেশন আছে। IRP#2 এর প্লান্ট কম্পাউন্ডে বিদ্যুৎ সরবরাহের জন্য ১টি ১১/০.৪৪ কেভি ২০০ কেভিএ সাব-স্টেশন আছে। এছাড়া প্রতিটি ৫ এমভিএ সাব-স্টেশনে ১টি ৩৩/০.৪৪ কেভি স্টেশন ট্রান্সফরমার রয়েছে যার মাধ্যমে সাব-স্টেশনের সুইচ গিয়ারে বিদ্যুৎ সরবরাহ করা হয়। গত ২৬/০৮/২০২৫ ইং তারিখে সাভার পিবিএস এর পাওয়ার দিয়ে IRP#2 এর ইন্টারলিংক দিয়ে IRP#1 চালু করা ছিল। বিকেল ০৩টার দিকে IRP#1 এর সাব-স্টেশনে বিকট শব্দ হয়ে প্লান্ট শাট ডাউন হয় এবং সাভার পিবিএস এর এসিয়ার ট্রিপ করে। IRP#1 -এর বৈদ্যুতিক লাইন ও ট্রান্সফরমার চেক করে দেখা যায় যে ৩৩/১১ কেভি ৫ এমভিএ ট্রান্সফরমার-এর OLTC (On Load Tap Changer) এর অটোমেটিক সিস্টেমটি কাজ করছে না। যার ফলে ট্রান্সফরমারটি হাই-ভোল্টেজ লোড ম্যানুয়ালি চেঞ্জ করতে হচ্ছে। যা প্লান্ট-এর সাপ্লাই কার্যক্রম ব্যবহৃত হচ্ছে। যা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।


০৩। সেপ্রেমিতে IRP#1 -এর ৩৩/১১ কেভি ৫ এমভিএ ট্রান্সফরমার-এর OLTC (On Load Tap Changer) স্প্যার মালামাল পরিবর্তন ও মেরামত করার জন্য বাজার দরের ভিত্তিতে (সংযুক্তিঃ ০৩) একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ৩৯,৫০০/- (টাকা উনচল্লিশ হাজার পাঁচশত) মাত্র (সংযুক্তিঃ ০৪)। আলাচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)' খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৭ (সংযুক্তিঃ ০২) হতে নির্বাহ করা হবে।


০৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ ০১ থেকে ০৩ এর বর্ণনানুযায়ী IRP#1 -এর ৩৩/১১ কেভি ৫ এমভিএ ট্রান্সফরমার-এর OLTC (On Load Tap Changer) বিভিন্ন স্প্যার মালামাল পরিবর্তন ও মেরামত করার জন্য আলাচ্য "Procurement of Spare items for the 5 MVA Transformer OLTC under SKWP" কাজের আওতায় সর্বমোট টাঃ ৩৯,৫০০/- (টাকা উনচল্লিশ হাজার পাঁচশত) টাকার প্রাক্কলনটি (সংযুক্তিঃ ০৪) অনুমোদনসহ কাজটি PPR-2025 এর বিধি ১০০ (১) মোতাবেক নগদ ক্রয়ের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



০০২৫


মেঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কোরোনীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা


০০২৫
জাফর ইকবাল চৌধুরী
সহকারী প্রকৌশলী
সাভার-কোরোনীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা


০০২৫
মেঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কোরোনীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

SE, WSP - E


০০২৫
মিঃ নাফিজ ইমতিয়াজ
উপ-সহকারী প্রকৌশলী
পানি ও পয়ঃশোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


০০২৫

০০২৫
২৭/১২/২০২৫
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা